তারিখ ... ... ... ... ... ... ...
শাখা ... কলাম ......

# ...াতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

পাঠ্যপুস্তক ভবন

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

বিজ্ঞপ্তি নংঃ ৯০ তারিখঃ ১২-১২-২০০১ইং

## ২০০২ শিক্ষাবর্ষের ৬ষ্ঠ থেকে ৯ম-১০ম শ্রেণীর পাঠ্যপুস্তক সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা ছাত্র-ছাত্রী, অভিভাবক, শিক্ষক-শিক্ষয়িত্রী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে

১। ২০০১ শিক্ষাবর্ষের জন্য মুদ্রিত ও প্রকাশিত ৬ষ্ঠ থেকে ৯ম-১০ম শ্রেণীর সকল পাঠ্যপুস্তক ৩১ ডিসেম্বর ২০০১ থেকে বাতিল হবে। ফলে এই পাঠ্যপুস্তকগুলো ২০০২ শিক্ষাবর্ষে চালু থাকবে না।

২। ২০০২ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক সংশোধন করা হয়েছে। পুরাতন কভার পরিবর্তন করে নতুন ডিজাইনে কভার প্রস্তুত করা হয়েছে যার সম্মুখভাগের নিচে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের **মনোগ্রাম** এবং পিছনে ২০০২ **শিক্ষাবর্ষের জন্য প্রযোজ্য** কথাটি উল্লেখ থাকবে।

৩। সকল পাঠ্যপুস্তকের ইনারের পরবর্তী **১ম** ফর্মা **এনসিটিবি** জলছাপযুক্ত হালকা নীল রংয়ের নিরপত্তা কাগজে মুদ্রিত হয়েছে। বইয়ের বাকী অংশ **এনসিটিবি/সবার জন্য শিক্ষা** জলছাপযুক্ত কর্ণফুলী সাদা কাগজে মুদ্রিত।

৪। ২০০২ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণীর ইংরেজি পাঠ্যপুস্তকটি সম্পূর্ণ নতুন শিখনক্রম অনুযায়ী প্রকাশিত হয়েছে।

৫। সংশ্লিষ্ট সকলকে প্রতিটি বই উপর্যুক্ত ১ থেকে ৪ ক্রমিকে উল্লেখিত বিষয় যাচাই করে পাঠ্যপুস্তক ক্রয় ও বিক্রয় করার জন্য অনুরোধ করা যাচ্ছে। অবৈধভাবে মুদ্রিত, নকল ও বাতিল ঘোষিত পাঠ্যপুস্তক বিক্রয়কারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। অবৈধভাবে মুদ্রিত, বাতিলকৃত এবং নকল পাঠ্যপুস্তকের সাথে সংশ্লিষ্টদের সম্পর্কে নিকটস্থ থানায়/এনসিটিবি-তে সংবাদ দেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

**প্রফেসর কবির উদ্দিন আহমদ মজুমদার**
সদস্য (পাঠ্যপুস্তক)